দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 11 JUN 1988
পৃষ্ঠা ... কলাম ...

023

11 JUN 1988

# রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য ২৯০৬টি আসনে প্রার্থী ১৭,৯৬৭ জন

রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা জানান, ১৯৮৮-৮৯ শিক্ষাবর্ষে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে মোট ২৯০৬টি আসনের জন্য ১৭,৯৬৭ জন প্রার্থী আবেদন করিয়াছে। ৬টি অনুষদে গড়ে একটি আসনের জন্য ভর্তিচ্ছু প্রার্থীর সংখ্যা ৬ দশমিক ১৮ জন। আইন অনুষদে ১০০টি আসনের জন্য আবেদনকারী প্রার্থীর সংখ্যা ১৯৫০। অন্যদিকে কলা অনুষদে একটি আসনের জন্য সর্বনিম্ন ৩ দশমিক ৪৪ জন ছাত্র-ছাত্রী আবেদন করিয়াছে। এই অনুষদে ৮৩১টি আস-

(৯ম পৃঃ দ্রঃ)

## রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ভর্তি

(৩য় পৃঃ পর)

নের জন্য প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সংখ্যা ২,৮৬১। ইহার মধ্যে খেলোয়াড়দের জন্য ২৫টি এবং শিল্পীদের জন্য ১০টি আসন সংরক্ষিত থাকিবে। জানা যায়, প্রার্থীদের মধ্যে অনেকেই একই সাথে একাধিক অনুষদে আবেদন করিয়াছে।

প্রসঙ্গতঃ উল্লেখ্য, ১৯৮৭-৮৮ সালে ২৮৮৬টি আসনের জন্য ভর্তিচ্ছু প্রার্থীর সংখ্যা ছিল ১৫,৯৯২ এবং '৮৬-৮৭ সালে একই সংখ্যক আসনের জন্য প্রার্থী সংখ্যা ছিল ২০,৩০১।

আগামী ১৭ই জুন হইতে ২২শে জুন পর্যন্ত ৬টি অনুষদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে।